

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৭

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - যে কারণে উযু করা ওয়াজিব হয়

আরবী

وَعَنْهُ قَالَ: أُهْدِيَتْ لَهُ شَاةٌ فَجَعَلَهَا فِي الْقِدْرِ فَدَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ مَا هَذَا يَا أَبَا رَافِعٍ فَقَالَ شَاةٌ أُهْدِيَتْ لَنَا يَا رَسُولَ اللَّهِ فَطَبَخْتُهَا فِي الْقِدْرِ قَالَ نَاوِلْنِي الذِّرَاعَ يَا أَبَا رَافِعٍ فَنَاوَلْتُهُ الذِّرَاعَ ثُمَّ قَالَ نَاوِلْنِي الذِّرَاعَ الْآخَرَ فَنَاوَلْتُهُ الذِّرَاعَ الْآخِرَ فَنَاوَلْتُهُ الذِّرَاعَ الْآخِرَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ إِنَّمَا لِلشَّاةِ ذِرَاعَانِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ عِنَمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَمَا إِنَّكَ لَوْ سَكَتَّ لَنَاوَلْتَنِي ذِرَاعًا فَذِرَاعًا مَا سَكَتُ ثُمَّ دَعَا اللَّهِ عِلَيْهِ وَسَلَّمَ أَمَا إِنَّكَ لَوْ سَكَتَّ لَنَاوَلْتَنِي ذِرَاعًا فَذِرَاعًا مَا سَكَتُ ثُمَّ دَعَا اللَّهِ عِمَاءٍ فَتَمَضْمَضَ فَاهُ وَغَسَلَ أَطْرَافَ أَصَابِعِهِ ثُمَّ قَامَ فَصَلَّى ثُمَّ عَادَ إِلَيْهِمْ فَوَجَدَ عِنْدَهُمْ لَحُمًا بَارِدًا فَأَكَلَ ثُمَّ دَخَلَ الْمَسْجِدَ فَصَلَّى وَلَمْ يَمَسَّ مَاءً. رَوَاهُ أَحْمِد

বাংলা

৩২৭-[২৮] উক্ত রাবী [আবৃ রাফি' (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, তাকে একটি বকরী হাদিয়াহ্ দেয়া হলো এবং তিনি তা পাতিলে রান্না করলেন। এমন সময় রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার কাছে এসে উপস্থিত হলেন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এটা কী, হে আবৃ রাফি'? তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমাদেরকে একটি বকরী হাদিয়াহ্ হিসেবে দেয়া হয়েছে, হে আল্লাহর রস্ল! পাতিলে তা পাক করেছি। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হে আবৃ রাফি'! আমাকে এর একটি বাজু দাও তো। আমি তাঁকে একটি বাজু দিলাম। এরপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আমাকে আরো একটি বাজু দাও। অতঃপর আমি তাঁকে আরো একটি বাজু দিলাম। এরপর তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) আবার বললেন, আমাকে আরো একটি বাজু দাও। তখন আমি বললাম, হে আল্লাহর রস্ল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম! একটি বকরীর তো দু'টি বাজু হয়। এটা শুনে রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আহ! তুমি যদি চুপ থাকতে, তাহলে 'বাজুর পর বাজু আমাকে দিতে পারতে, যে পর্যন্ত তুমি নিশ্চুপ থাকতে।

এরপর তিনি পানি চাইলেন। তিনি কুলি করলেন, নিজের আঙ্গুলের মাথা ধুয়ে নিলেন, অতঃপর সালাতে দাঁড়ালেন এবং সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। এরপর তিনি আবার তাদের কাছে ফিরে এলেন। এবার তাদের কাছে ঠাণ্ডা মাংস (মাংস/গোসত) দেখতে পেলেন। তিনি তা খেলেন, এরপর মসজিদে প্রবেশ করলেন



এবং সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। কিন্তু তিনি পানি ব্যবহার করলেন না, অর্থাৎ- উযূ (ওযু/ওজু/অজু) করলেন না। (আহমাদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ২৬৬৫৪। কারণ এর সানাদে শুরাহবিল বিন সা'দ নামে দুর্বল রাবী এবং আবূ জা'ফার আর্ রাযী নামে মতবিরোধপূর্ণ রাবী রয়েছে। তবে ''শামায়িল''-এর তাষ্ক্রীকে 'আল্লামা আলবানী (রহঃ) হাদীসটিকে সহীহ বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন